32. 300 K তাপমাত্রায় $2\text{A (g)} \rightleftharpoons 3\text{B (g)}$ বিক্রিয়াটির K_C কত mol/m^3 হবে? ($K_P = 8.314 \times 10^2\text{ Pa}$)

A. 8.314

B. 33

C. 0.33

D. 831

সঠিক উত্তর C. 0.33

পোস্ট মর্টেম	প্রশ্নটি যে অধ্যায় থেকে করা হয়েছে	প্রশ্নটি NETWORK এর যে পৃষ্ঠা থেকে কমন পড়েছে	যেভাবে কমন পড়েছে
	রাসায়নিক পরিবর্তন	Page No. 436 BAU: 22 নং প্রশ্ন	অনুরূপ

সঠিক উত্তরের পক্ষে যুক্তি: $K_P = K_C(RT)^{\Delta n}$

$$\Rightarrow 8.314 \times 10^2 = K_C (8.314 \times 300)^{3-2}$$

$$\Rightarrow K_C = \frac{1}{3} = 0.333\text{ molm}^{-3}$$

33. $\text{CH}_3\text{-CH=CH-CH(OH)-CH}_3$ যৌগে কতটি স্টেরিও আইসোমার সম্ভব?

A. 2

B. 4


C. 8

D. 16

সঠিক উত্তর B. 4

পোস্ট মর্টেম	প্রশ্নটি যে অধ্যায় থেকে করা হয়েছে	প্রশ্নটি NETWORK এর যে পৃষ্ঠা থেকে কমন পড়েছে	যেভাবে কমন পড়েছে
	জৈব রসায়ন	Page No. 477 SyLAU: ০১ নং প্রশ্ন	অনুরূপ

সঠিক উত্তরের পক্ষে যুক্তি: যৌগটির 2 ধরনের (জ্যামিতিক ও আলোক) সমাণু সম্ভব। অর্থাৎ মোট সমাণু সম্ভব 4টি।



34. আলোর উপস্থিতিতে ক্লোরিন টলুইনের সাথে বিক্রিয়া করে কি উৎপন্ন করে?

A. o-ক্লোরোটলুইন


B. m-ক্লোরোটলুইন

C. p-ক্লোরোটলুইন

D. বেনজাইল ক্লোরাইড

সঠিক উত্তর D. বেনজাইল ক্লোরাইড

পোস্ট মর্টেম	প্রশ্নটি যে অধ্যায় থেকে করা হয়েছে	প্রশ্নটি NETWORK এর যে পৃষ্ঠা থেকে কমন পড়েছে	যেভাবে কমন পড়েছে
	জৈব রসায়ন	Page No. 479 Concept 05: আলোচনা	অনুরূপ



35. প্রতি 10°C তাপমাত্রা বৃদ্ধিতে কোন বিক্রিয়ার হার দ্বিগুণ বৃদ্ধি পায়। যদি বিক্রিয়াটির তাপমাত্রা 110° থেকে 150°C তে উন্নীত হয় তবে বিক্রিয়ার হার কত গুণ বৃদ্ধি হবে?

A. 4

B. 8

C. 16

D. 32

সঠিক উত্তর C. 16

পোস্ট মর্টেম	প্রশ্নটি যে অধ্যায় থেকে করা হয়েছে	প্রশ্নটি NETWORK এর যে পৃষ্ঠা থেকে কমন পড়েছে	যেভাবে কমন পড়েছে
	রাসায়নিক পরিবর্তন	Page No. 437 SAU: ২৩ নং প্রশ্ন	অনুরূপ

সঠিক উত্তরের পক্ষে যুক্তি: তাপমাত্রা বৃদ্ধি = $150 - 110 = 40^\circ\text{C}$; প্রতি 10°C বৃদ্ধিতে বিক্রিয়ার হার 2 গুণ বৃদ্ধি হলে 40°C এর জন্য বিক্রিয়ার হার বৃদ্ধি পাবে $2^4 = 16$ গুণ।

36. কোনটি সবচেয়ে সুস্থির?




A. $\text{CH}_3\text{-CH}_2\text{-CH=CH}_2$ B. $\text{CH}_3\text{-CH=CH-CH}_3$ C. $\text{CH}_2\text{=CH-CH}_3$ D. $(\text{CH}_3)_2\text{C=C(CH}_3)_2$

সঠিক উত্তর D. $(\text{CH}_3)_2\text{C=C(CH}_3)_2$

পোস্ট মর্টেম	প্রশ্নটি যে অধ্যায় থেকে করা হয়েছে	প্রশ্নটি NETWORK এর যে পৃষ্ঠা থেকে কমন পড়েছে	যেভাবে কমন পড়েছে
	জৈব রসায়ন	Page No. 485 PSTU: ০১ নং প্রশ্ন	অনুরূপ

সঠিক উত্তরের পক্ষে যুক্তি: অ্যালকিনের দ্বিবন্ধনযুক্ত কার্বন পরমাণুতে যত বেশি H-পরমাণু প্রতিস্থাপিত হয় সে অ্যালকিন তত বেশি সুস্থির হয়। $(\text{CH}_3)_2\text{C=C(CH}_3)_2$ যৌগে সর্বোচ্চ সংখ্যক H-পরমাণু প্রতিস্থাপিত হওয়ায় এটি সুস্থির।

37. ওজোনোলাইসিস বিক্রিয়ায় কোন অ্যালকিন থেকে প্রোপান্যাল ও প্রোপানোন উৎপন্ন হয়?






সঠিক উত্তর



পোস্ট মর্টেম	প্রশ্নটি যে অধ্যায় থেকে করা হয়েছে	প্রশ্নটি NETWORK এর যে পৃষ্ঠা থেকে কমন পড়েছে	যেভাবে কমন পড়েছে
	জৈব রসায়ন	Page No. 510 Prime Test: ০৯ নং প্রশ্ন	অনুরূপ

সঠিক উত্তরের পক্ষে যুক্তি: $\text{CH}_3\text{CH}_2\text{CH}=\text{C}(\text{CH}_3)_2 \xrightarrow[\text{Zn}/\text{H}_2\text{O}]{\text{O}_3} \text{CH}_3\text{CH}_2\text{CHO} + \text{CH}_3\text{COCH}_3$



38. একটি প্রথম ক্রম বিক্রিয়ার ঘনমাত্রা 60 সেকেন্ডে 1.0 mol/L থেকে 0.5 mol/L এ নেমে আসে। বিক্রিয়াটির ঘনমাত্রা 2.0 mol/L থেকে 0.5 mol/L এ নেমে আসতে কত সেকেন্ড সময় লাগবে?

A. 25

B. 30

C. 120

D. 180

সঠিক উত্তর

C. 120

পোস্ট মর্টেম	প্রশ্নটি যে অধ্যায় থেকে করা হয়েছে	প্রশ্নটি NETWORK এর যে পৃষ্ঠা থেকে কমন পড়েছে	যেভাবে কমন পড়েছে
	রাসায়নিক পরিবর্তন	Page No. 441 সিলেবাস বহির্ভূত অংশের ০৩ নং প্রশ্ন	অনুরূপ

সঠিক উত্তরের পক্ষে যুক্তি: এখানে, অর্ধায়ু 60 s , $\frac{0.125}{0.5}$ বা $\frac{1}{4} = \frac{1}{2^2}$ অংশ হতে সময় লাগবে অর্ধায়ুর দ্বিগুণ। অর্থাৎ $60 \times 2 = 120 \text{ s}$

39. ইথিলিন অনুতে সংকরিত এবং অসংকরিত অরবিটালদ্বয়ের মধ্যবর্তী কোণের মান কত?

A. 180° B. 120° C. 90° D. 109°

সঠিক উত্তর

C. 90°

পোস্ট মর্টেম	প্রশ্নটি যে অধ্যায় থেকে করা হয়েছে	প্রশ্নটি NETWORK এর যে পৃষ্ঠা থেকে কমন পড়েছে	যেভাবে কমন পড়েছে
	মৌলের পর্যায়বৃত্ত ধর্ম ও রাসায়নিক বন্ধন	Page No. 405 Concept-07: আলোচনা	অনুরূপ

সঠিক উত্তরের পক্ষে যুক্তি: σ ও π বন্ধনের মধ্যে σ বন্ধনই মূলত সংকরায়ন ঘটায়। ইথিলিন অণুতে সংকরিত এবং অসংকরিত অরবিটাল অর্থাৎ σ ও π বন্ধনদ্বয়ের মধ্যবর্তী কোণ 90° এবং সংকরিত অরবিটালদ্বয়ের মধ্যবর্তী কোণ 180° ।

40. $\text{CH}_3\text{CH}_2\text{CH}_2\text{Cl} + \text{Na} \xrightarrow{\text{dry ether}} \text{M}$ বিক্রিয়াটিতে M যৌগটি কি?

A. হেক্সিন

B. প্রোপেন

C. প্রোপিন

D. হেক্সেন

সঠিক উত্তর

D. হেক্সেন

পোস্ট মর্টেম	প্রশ্নটি যে অধ্যায় থেকে করা হয়েছে	প্রশ্নটি NETWORK এর যে পৃষ্ঠা থেকে কমন পড়েছে	যেভাবে কমন পড়েছে
	জৈব রসায়ন	Page No. 506 Concept-08: আলোচনা	হুবহু

সঠিক উত্তরের পক্ষে যুক্তি: $2\text{CH}_3\text{CH}_2\text{CH}_2\text{Cl} + 2\text{Na} \xrightarrow{\text{Dry ether}} \text{CH}_3(\text{CH}_2)_4\text{CH}_3 + 2\text{NaCl}$

প্রশ্ন-৩০টি

জীববিজ্ঞান

মান-৩০

41. কোনটি স্টার্ট কোডন?

A. UAA

B. UAG

C. UGA

D. AUG

সঠিক উত্তর

D. AUG

পোস্ট মর্টেম	প্রশ্নটি যে অধ্যায় থেকে করা হয়েছে	প্রশ্নটি NETWORK এর যে পৃষ্ঠা থেকে কমন পড়েছে	যেভাবে কমন পড়েছে
	কোষ ও এর গঠন	পৃষ্ঠা নং: ৫৫৭ Item-04: আলোচনা	হুবহু

সঠিক উত্তরের পক্ষে যুক্তি: জেনেটিক কোড:

- জীবের বৈশিষ্ট্য স্থানান্তরকারী কোডকে জেনেটিক কোড বলে।
- তিনটি করে নিউক্লियोটাইডের বিশেষ বিন্যাসকে কোডন বলে।
- জেনেটিক ইনফরমেশন এর মূল একক ট্রিপলেট। দেহে ৬৪ ধরনের কোডন থাকে।
- Start Codon- AUG (মেথিওনিন), Stop Codon (কোনো অ্যামিনো এসিড কোড করে না)- UAA, UAG, UGA।

42. কোন F_1 জীবকে তার প্যারেন্টের সাথে ক্রস করানোর নাম -

- A. টেস্ট ক্রস B. ব্যাক ক্রস C. মনোহাইব্রিড ক্রস D. ডাইহাইব্রিড ক্রস

সঠিক উত্তর B. ব্যাক ক্রস

পোস্ট মর্টেম	প্রশ্নটি যে অধ্যায় থেকে করা হয়েছে	প্রশ্নটি NETWORK এর যে পৃষ্ঠা থেকে কমন পড়েছে	যেভাবে কমন পড়েছে
	জিনতত্ত্ব ও বিবর্তন	পৃষ্ঠা নং: ৬৭৩ Item-02: আলোচনা	হুবহু

সঠিক উত্তরের পক্ষে যুক্তি: ব্যাক ক্রস ও টেস্ট ক্রসের মধ্যে পার্থক্য-

পার্থক্যের বিষয়	ব্যাক ক্রস	টেস্ট ক্রস
সংকরায়ণ	F_1 জন্মের একটি হেটারোজাইগাস জীবের সাথে পিতৃ-মাতৃবংশীয় এক সদস্যের (প্রকট/প্রচ্ছন্ন) সঙ্গে সংকরায়ণ।	কোনো প্রাণি হোমোজাইগাস না হেটারোজাইগাস তা জানার জন্য বিশুদ্ধ প্রচ্ছন্ন লক্ষণ বিশিষ্ট হোমোজাইগাস প্রাণির সাথে যে ক্রস তাই টেস্ট ক্রস
প্রকৃতি	সকল ব্যাক ক্রস টেস্ট ক্রস নয়	টেস্ট ক্রস মাত্রই ব্যাক ক্রস
গুরুত্ব	জীবে আকাঙ্ক্ষিত কোনো বৈশিষ্ট্য আনা সম্ভব হয়	কোনো জীব সংকর কিনা তা নির্ধারণ করা সম্ভব
উদাহরণ	$Tt \times TT$ অথবা $Tt \times tt$	$Tt \times tt$

43. কোন প্রক্রিয়ায় রোগমুক্ত গাছের চারা উৎপাদন সম্ভব?

- A. কক্ষমুকুল কালচার B. মেরিস্টেম কালচার C. ক্যালাস কালচার D. ভ্রূণ কালচার

সঠিক উত্তর B. মেরিস্টেম কালচার

পোস্ট মর্টেম	প্রশ্নটি যে অধ্যায় থেকে করা হয়েছে	প্রশ্নটি NETWORK এর যে পৃষ্ঠা থেকে কমন পড়েছে	যেভাবে কমন পড়েছে
	জীব প্রযুক্তি	পৃষ্ঠা নং: ৬০৯ Item-02: আলোচনা	হুবহু

সঠিক উত্তরের পক্ষে যুক্তি: টিস্যুকালচারের প্রকারভেদ ও উদ্দেশ্য-

প্রকারভেদ	উদ্দেশ্য	প্রকারভেদ	উদ্দেশ্য
মেরিস্টেম কালচার	ভাইরাসমুক্ত উদ্ভিদ	ভ্রূণ কালচার	বীজহীন ট্রিপ্লয়েড উদ্ভিদ
এক্সপ্ল্যান্ট কালচার	মাইক্রোপ্রোপাগেশন	ভ্রূণ উদ্ধার	সংকরজাত বৈশিষ্ট্য রক্ষা
সস্য কালচার	ডিপ্লয়েড ক্লোনাল প্রোপাগেশন	প্রোটোপ্লাস্ট কালচার	উন্নতজাত: সাইব্রিড, সংকর ট্রান্সফরমেশন প্রভৃতি
ক্যালাস কালচার	সোম্যাটিক অ্যান্ড্রিজেনেসিস, সোমাক্লোনাল ভ্যারিয়েশন, অঙ্গজ বংশবৃদ্ধি	পুংধানী ও পরাগ রেণু কালচার	হোমোজাইগাস জাত সৃষ্টি

44. অতি ক্ষুদ্র টিস্যু থেকে বহু চারা উৎপাদনের পদ্ধতিকে বলে-

- A. ক্লোনাল প্রোপাগেশন B. মাইক্রোপ্রোপাগেশন C. ক্যালাস কালচার D. সোম্যাটিক অ্যান্ড্রিজেনেসিস

সঠিক উত্তর B. মাইক্রোপ্রোপাগেশন

পোস্ট মর্টেম	প্রশ্নটি যে অধ্যায় থেকে করা হয়েছে	প্রশ্নটি NETWORK এর যে পৃষ্ঠা থেকে কমন পড়েছে	যেভাবে কমন পড়েছে
	জীব প্রযুক্তি	পৃষ্ঠা নং: ৬০৯ Item-02: আলোচনা	হুবহু

সঠিক উত্তরের পক্ষে যুক্তি: উদ্ভিদের যেকোনো বিভাজনক্ষম অঙ্গ থেকে (যেমন- শীর্ষমুকুল, কক্ষমুকুল, কচিপাতা, পাপড়ি) বিচ্ছিন্ন কোনো টিস্যু সম্পূর্ণ জীবাণুমুক্ত অবস্থায় উপযুক্ত পুষ্টি মাধ্যমে বৃদ্ধিকরণ করাকে টিস্যুকালচার বলে। টিস্যু কালচারের মাধ্যমে অতি ক্ষুদ্র টিস্যু থেকে হুবহু মাতৃ গুণাগুণসম্পন্ন বহু চারা উৎপাদনের এ পদ্ধতি মাইক্রোপ্রোপাগেশন নামেও পরিচিত।

45. দ্বৈত প্রচ্ছন্ন এপিষ্ট্যাসিস এর অনুপাত হলো -

- A. ১৩ : ৩ B. ৯ : ৭ C. ১ : ২ : ১ D. ১ : ৪ : ৬ : ৪ : ১

সঠিক উত্তর B. ৯ : ৭

পোস্ট মর্টেম	প্রশ্নটি যে অধ্যায় থেকে করা হয়েছে	প্রশ্নটি NETWORK এর যে পৃষ্ঠা থেকে কমন পড়েছে	যেভাবে কমন পড়েছে
	জিনতত্ত্ব ও বিবর্তন	পৃষ্ঠা নং: ৬৭৩ Item-03: আলোচনা	হুবহু

সঠিক উত্তরের পক্ষে যুক্তি: মেডেলের বিভিন্ন সূত্রের অনুপাত-

অনুপাত	সূত্র	অনুপাত	সূত্র
9 : 7	দ্বৈত প্রচ্ছন্ন, পরিপূরক জিন	3 : 1	মনোহাইব্রিড ক্রস
13 : 3	প্রকট এপিষ্ট্যাসিস	2 : 1	মারণ জিন বা লিথাল জিন
9 : 3 : 3 : 1	ডাইহাইব্রিড ক্রস	1 : 4 : 6 : 4 : 1	পলিজেনিক ইনহেরিট্যান্স
1 : 2 : 1	অসম্পূর্ণ প্রকটতা, সম প্রকটতা		

46. রিকমিনেন্ট প্রযুক্তির মাধ্যমে উৎপাদিত ক্যাসার চিকিৎসায় ব্যবহৃত ঔষধ-

A. লিফোকাইনস

B. সোম্যাটোস্ট্যাটিন

C. ইন্টারফেরন

D. হিউমেন ইউরোকাইনেজ

সঠিক উত্তর C. ইন্টারফেরন

পোস্ট মর্টেম	প্রশ্নটি যে অধ্যায় থেকে করা হয়েছে	প্রশ্নটি NETWORK এর যে পৃষ্ঠা থেকে কমন পড়েছে	যেভাবে কমন পড়েছে
	জীবপ্রযুক্তি	পৃষ্ঠা নং: ৬১১ Item-03: আলোচনা	হুবহু

সঠিক উত্তরের পক্ষে যুক্তি: ইন্টারফেরন:

- ইন্টারফেরন হলো প্রতিরক্ষামূলক প্রোটিন।
- বর্তমানে ক্রোন জিনকে প্লাজমিড বাহকের মাধ্যমে *Saccharomyces cerevisiae* এর কোষে ঢুকিয়ে ইন্টারফেরন উৎপাদিত হচ্ছে।
- প্রতি কোষে প্রায় 1 মিলিয়ন (10 লক্ষ) অণু ইন্টারফেরন তৈরি হয় এবং *E.coli* এর ভেতরে 1×10^5 অণু তৈরি হয়।
- কোনো দেহকোষ বিশেষ ভাইরাস দ্বারা সংক্রমিত হলে তার প্রতি সাড়া দিয়ে সংক্রমিত কোষ ইন্টারফেরন নামক রাসায়নিক পদার্থ (গ্লাইকো-প্রোটিন) নিঃসরণ করে।
- বিশুদ্ধকৃত ইন্টারফেরন (Betaferon) বিশেষ পদ্ধতিতে সংরক্ষণ ও বাজারজাত করা হয়।
- NK কোষ এর ক্ষমতা ও বংশবৃদ্ধির মাধ্যমে ক্যাসার কোষের সংখ্যা বৃদ্ধিকে বাধা দিতে কাজ করে।

47. কোনটির কোষে একাধিক নিউক্লিয়াস থাকে?

A. *Neurospora*B. *Oedogonium*C. *Sphaeroplea*D. *Ulothrix*

সঠিক উত্তর C. *Sphaeroplea*

পোস্ট মর্টেম	প্রশ্নটি যে অধ্যায় থেকে করা হয়েছে	প্রশ্নটি NETWORK এর যে পৃষ্ঠা থেকে কমন পড়েছে	যেভাবে কমন পড়েছে
	কোষ ও এর গঠন	পৃষ্ঠা নং: ৫৫৫ নিউক্লিয়াসের সংখ্যা	হুবহু

সঠিক উত্তরের পক্ষে যুক্তি: বিভিন্ন কোষে নিউক্লিয়াস সংখ্যা-

সংখ্যা	অবস্থান
1টি	প্রকৃত কোষ
2টি	Paramecium ও মেরুদণ্ডী প্রাণীর যকৃত ও তরুণাঙ্ঘি কোষ
বহু	<i>Vaucheria</i> , <i>Penicillium</i> , <i>Botrydium</i> , <i>Sphaeroplea</i> , <i>Saprolegnia</i>
অনুপস্থিত	আদিকোষ, কিছু প্রকৃত কোষ, পরিণত সীভকোষ, পরিণত RBC, লেস কোষ, অনুচক্রিকা।

48. জেনেটিক্যালি নিয়ন্ত্রিত কোষের মৃত্যুকে বলে -

A. Necrosis

B. Apoptosis

C. Karyokinesis

D. Cytokinesis

সঠিক উত্তর B. Apoptosis

পোস্ট মর্টেম	প্রশ্নটি যে অধ্যায় থেকে করা হয়েছে	প্রশ্নটি NETWORK এর যে পৃষ্ঠা থেকে কমন পড়েছে	যেভাবে কমন পড়েছে
	কোষ বিভাজন	পৃষ্ঠা নং: ৫৬৬ Concept-02: আলোচনা	হুবহু

সঠিক উত্তরের পক্ষে যুক্তি: কোষের মৃত্যু-

- i. Necrosis: পুষ্টির অভাব হলে বা বিষাক্ত দ্রব্যের কারণে কোষের মৃত্যু ঘটে। ii. Apoptosis: এটি হলো কোষের জেনেটিক্যাল নিয়ন্ত্রিত মৃত্যু।

49. কোষ বিভাজনের কোন পর্যায়ে ক্রোমোসোম V, L, J, I আকৃতি ধারণ করে?

A. মেটাফেজ

B. টেলোফেজ

C. প্রোফেজ

D. অ্যানাফেজ

সঠিক উত্তর D. অ্যানাফেজ

পোস্ট মর্টেম	প্রশ্নটি যে অধ্যায় থেকে করা হয়েছে	প্রশ্নটি NETWORK এর যে পৃষ্ঠা থেকে কমন পড়েছে	যেভাবে কমন পড়েছে
	কোষ বিভাজন	পৃষ্ঠা নং: ৫৬৫ Item-03: আলোচনা	হুবহু

সঠিক উত্তরের পক্ষে যুক্তি: মাইটোসিসের বিভিন্ন ধাপের ঘটনা-

ধাপের নাম	ঘটনা
প্রোফেজ বা আদ্য পর্যায় (দীর্ঘস্থায়ী পর্যায়)	<ul style="list-style-type: none"> • ক্রোমোসোমগুলোতে জলবিয়োজন শুরু হয়। • প্রতিটি ক্রোমোসোম হতে দুইটি করে সূত্রকে বিভক্ত হয় এদেরকে ক্রোমাটিড বলে।
প্রো-মেটাফেজ বা প্রাক-মধ্যপর্যায়	<ul style="list-style-type: none"> • স্পিন্ডল যন্ত্রের সৃষ্টি হয়। • ক্রোমোসোমীয় নৃত্য দেখা যায়।
মেটাফেজ বা মধ্য পর্যায়	<ul style="list-style-type: none"> • মেটাকাইনেসিস ঘটে অর্থাৎ ক্রোমোসোমগুলি কোষের বিষুবীয় অঞ্চলে অবস্থান করে। সেন্ট্রোমিয়ার বিভাজিত হয়। • ক্রোমোসোমগুলোকে সবচেয়ে খাটো ও মোটা দেখায়।
অ্যানাফেজ বা গতিপর্যায়	<ul style="list-style-type: none"> • ক্রোমোসোমসমূহের মেরুমুখী চলন ঘটে। • মেরুমুখী গমনে ক্রোমোসোম V, L, J, I আকৃতি ধারণ করে।
টেলোফেজ বা অন্তপর্যায়	<ul style="list-style-type: none"> • মাকুষন্ত্র ধীরে ধীরে অদৃশ্য হয়ে যায়। • ক্রোমোসোমগুলোতে জলবিয়োজন ঘটে। • সাইটোকাইনেসিস ঘটে।

50. কোষ প্রাচীরের ক্ষুদ্রতম গাঠনিক একক হলো -

- A. Micelle B. Micro fibril C. Fibril D. Fibre

সঠিক উত্তর A. Micelle

পোস্ট মর্টেম	প্রশ্নটি যে অধ্যায় থেকে করা হয়েছে	প্রশ্নটি NETWORK এর যে পৃষ্ঠা থেকে কমন পড়েছে	যেভাবে কমন পড়েছে
	কোষ ও এর গঠন	পৃষ্ঠা নং: ৫৫৩ Concept-02: আলোচনা	হুবহু

সঠিক উত্তরের পক্ষে যুক্তি: কোষপ্রাচীরের রাসায়নিক গঠন-

- কোষপ্রাচীরের প্রধান রাসায়নিক উপাদান সেলুলোজ।
- সেলুলোজ অণু (1000-3000)
 - ↓
 - সেলুলোজ চেইন
 - ↓100 টি
 - মাইসেলি (কোষপ্রাচীরের ক্ষুদ্রতম গাঠনিক একক ধরা হয়)
 - ↓20টি
 - মাইক্রোফাইব্রিল (কোষপ্রাচীরের গাঠনিক একক)
 - ↓250 টি
 - ম্যাক্রোফাইব্রিল

51. কোষ বিভাজনের কোন পর্যায়ে সিন্যাপসিস ঘটে?

- A. লেপ্টোটিন B. জাইগোটিন C. ডিপ্লোটিন D. ডায়াকাইনেসিস

সঠিক উত্তর B. জাইগোটিন

পোস্ট মর্টেম	প্রশ্নটি যে অধ্যায় থেকে করা হয়েছে	প্রশ্নটি NETWORK এর যে পৃষ্ঠা থেকে কমন পড়েছে	যেভাবে কমন পড়েছে
	কোষ বিভাজন	পৃষ্ঠা নং: ৫৬৬ Concept-02: আলোচনা	হুবহু

সঠিক উত্তরের পক্ষে যুক্তি: মিয়োসিসের বিভিন্ন ধাপে সংঘটিত কাজ:

ধাপের নাম	কাজ	ধাপের নাম	কাজ
লেপ্টোটিন	পোলারাইজড বিন্যাস দেখা যায়	ডিপ্লোটিন	প্রান্তীয়করণ ঘটে
জাইগোটিন	সিন্যাপসিস ঘটে এবং বাইভ্যালেন্ট তৈরি হয়	ডায়াকাইনেসিস	নিউক্লিয়োলাস ও নিউক্লিয়ার মেমব্রেনের বিলুপ্তি ঘটে
প্যাকাইটিন	ক্রসিংওভার ঘটে এবং কায়াজমাটা তৈরি হয়		

52. পিয়াজের মূলের মেটাফেজ পর্যায়ে ক্রোমোসোম সংখ্যা -

- A. ১০ B. ১২ C. ১৪ D. ১৬

সঠিক উত্তর D. ১৬

পোস্ট মর্টেম	প্রশ্নটি যে অধ্যায় থেকে করা হয়েছে	প্রশ্নটি NETWORK এর যে পৃষ্ঠা থেকে কমন পড়েছে	যেভাবে কমন পড়েছে
	কোষ ও এর গঠন	পৃষ্ঠা নং: ৫৫৫ Concept-03: আলোচনা	হুবহু

সঠিক উত্তরের পক্ষে যুক্তি: বিভিন্ন ক্রোমোসোমের সংখ্যা:

উদ্ভিদ বা প্রাণীর নাম	বৈজ্ঞানিক নাম	ক্রোমোসোম সংখ্যা	উদ্ভিদ বা প্রাণীর নাম	বৈজ্ঞানিক নাম	ক্রোমোসোম সংখ্যা
শসা	<i>Cucumis sativus</i>	14	যব	<i>Hordeum vulgare</i>	14
মটর	<i>Pisum sativum</i>	14	পিয়াজ	<i>Allium cepa</i>	16
পাট	<i>Corchorus capsularis</i>	14	গৃহমাছি	<i>Musca domestica</i>	12

53. পাতায় পানি-পত্ররঞ্জের অবস্থান -

- A. উর্ধ্ব তুক B. নিম্নতুক C. পত্রবৃত্ত D. কিনারা

সঠিক উত্তর D. কিনারা

পোস্ট মর্টেম	প্রশ্নটি যে অধ্যায় থেকে করা হয়েছে	প্রশ্নটি NETWORK এর যে পৃষ্ঠা থেকে কমন পড়েছে	যেভাবে কমন পড়েছে
	টিস্যু ও টিস্যুতন্ত্র	পৃষ্ঠা নং: ৫৯৩ Concept-02: আলোচনা	অনুরূপ

সঠিক উত্তরের পক্ষে যুক্তি: হাইডাথোড বা পানি পত্ররঞ্জ-

- টমেটো, ঘাস, পিম্বুলা, কচু পাতার কিনারায় প্রচণ্ড গরমের দিনে হাইডাথোড দেখা যায়।
- হাইডাথোড দিয়ে তরল পানি বের হয়ে যাওয়াকে গ্যাটেশন বলে।
- হাইডাথোড হতে ক্ষরিত পানিতে বিভিন্ন খনিজ লবণ, শর্করা ও অন্যান্য জৈব পদার্থ দ্রবীভূত থাকে।
- হাইডাথোড ঘন সাইটোপ্লাজমপূর্ণ, ক্ষুদ্রাকার, পাতলা প্রাচীরযুক্ত ও প্যারেনকাইমা কোষ দ্বারা গঠিত।
- প্যারেনকাইমা টিস্যু এপিথেলিয়াম নামে পরিচিত।

54. ফুলের পাপড়ির রং বেগুনী হয় কোনটির প্রভাবে?

A. নিউট্রাল-pH

B. এসিডিক-pH

C. ক্ষারীয়-pH

D. জ্যাছোফিল

সঠিক উত্তর A. নিউট্রাল-pH

পোস্ট মর্টেম	প্রশ্নটি যে অধ্যায় থেকে করা হয়েছে	প্রশ্নটি NETWORK এর যে পৃষ্ঠা থেকে কমন পড়েছে	যেভাবে কমন পড়েছে
	উদ্ভিদ শারীরতত্ত্ব	পৃষ্ঠা নং: ৬০৬ SAU-04 নং প্রশ্নের ব্যাখ্যা	হুবহু

55. সঠিক উত্তরের পক্ষে যুক্তি: ফুলের পাপড়ির রং নানা ধরনের হওয়ার কারণ-

ফুলের পাপড়ির বৈচিত্র্যপূর্ণ রং প্রধানত আক্সোসায়ানিন, বিটাসায়ানিন জাতীয় রঞ্জকের উপর নির্ভরশীল। অক্সোসায়ানিন কতকগুলো জটিল যৌগের সমষ্টিগত নাম। এটি গ্লাইকোসাইড হিসেবে কোষরসে মিশে থাকে। কোষরসের হাইড্রোজেন আয়নের গাঢ়ত্ব অর্থাৎ pH এর তারতম্য ঘটলে তবেই রং-এর তারতম্য ঘটে-

- কোষরসের pH ক্ষারীয় প্রকৃতির হলে ফুলের রং নীল হয়।
- এসিড প্রকৃতির হলে লাল রং হয়।
- যখন কোষরসের pH নিউট্রাল হয় তখন বেগুনী রং বা কালচে নীল বর্ণ হয়।

55. উদ্ভিদে সবচেয়ে ধীর গতিতে শোষিত হয় কোনটি?

A. K^+ B. Ca^{2+} C. Na^+ D. Mg^{2+} **সঠিক উত্তর** B. Ca^{2+}

পোস্ট মর্টেম	প্রশ্নটি যে অধ্যায় থেকে করা হয়েছে	প্রশ্নটি NETWORK এর যে পৃষ্ঠা থেকে কমন পড়েছে	যেভাবে কমন পড়েছে
	উদ্ভিদ শারীরতত্ত্ব	পৃষ্ঠা নং: ৫৯৯ Item-02: আলোচনা	হুবহু

56. সঠিক উত্তরের পক্ষে যুক্তি: • K^+ ও NO_3^- আয়ন সর্বাপেক্ষা দ্রুতগতিতে শোষিত হয়।

- Ca^{2+} ও SO_4^{2-} আয়ন সর্বাপেক্ষা মন্থরগতিতে শোষিত হয়।

56. র্যাডুলা কোন পর্বের প্রাণীর বৈশিষ্ট্য?

A. মোলাস্কা

B. নেমাটোড

C. আর্থ্রোপোডা

D. নিডারিয়া

সঠিক উত্তর A. মোলাস্কা

পোস্ট মর্টেম	প্রশ্নটি যে অধ্যায় থেকে করা হয়েছে	প্রশ্নটি NETWORK এর যে পৃষ্ঠা থেকে কমন পড়েছে	যেভাবে কমন পড়েছে
	প্রাণীর বিভিন্নতা ও শ্রেণিবিন্যাস	পৃষ্ঠা নং: ৬৩৬ Concept-02: ছক	হুবহু

57. সঠিক উত্তরের পক্ষে যুক্তি: মলাস্কা পর্বের বৈশিষ্ট্য:

- দ্বিপাক্ষীয় প্রতিসাম্য (গ্যাস্ট্রোপোডা ব্যতীত)।
- ম্যান্টল নামক পাতলা খোলকে আবৃত।
- ম্যান্টল দিয়ে শ্বসন সম্পন্ন হয় এবং অর্ধমুক্ত সংবহনতন্ত্র দেখা যায়।
- মুখ গহ্বর কাইটিন নির্মিত, রেতি-জিহ্বা বা র্যাডুলা (Bivalvia ব্যতীত) থাকে।
- দেহগহ্বর হিমোসিলে পরিণত হয়।
- রক্তে হিমোসায়ানিন ও অ্যামিনোসাইট থাকে এবং ডিম পাড়ে।

57. পাকস্থলির কোন কোষ হতে HCl ক্ষরিত হয়?

A. মিউকাস

B. প্যারাইটাল

C. জি কোষ

D. পেপটিক কোষ

সঠিক উত্তর B. প্যারাইটাল

পোস্ট মর্টেম	প্রশ্নটি যে অধ্যায় থেকে করা হয়েছে	প্রশ্নটি NETWORK এর যে পৃষ্ঠা থেকে কমন পড়েছে	যেভাবে কমন পড়েছে
	পরিপাক ও শোষণ	পৃষ্ঠা নং: ৬৪৯ Concept-01: আলোচনা	হুবহু

58. সঠিক উত্তরের পক্ষে যুক্তি: গ্যাস্ট্রিক গ্রন্থির বিভিন্ন কোষের কাজ-

কোষের নাম	নিঃসরণ ও কাজ
প্যারাইটাল/ অক্সিনটিক কোষ	ইনট্রিনসিক ফ্যাক্টর ও HCl উৎপন্ন করে যা পাকস্থলীতে অম্লীয় পরিবেশ তৈরি করে
মিউকাস কোষ	মিউকাস নিঃসরণ করে যা পাকস্থলী প্রাচীরকে HCl এর ক্ষতিকর হাত থেকে রক্ষা করে
আর্জেন্টাফিন কোষ	দানাদার এসব কোষ সেরাটোনিন নিঃসৃত করে পাকস্থলির প্রাচীরে অবস্থিত বলয়াকার পেশিগুলোর ছন্দোময় সঙ্কোচন প্রবাহ বা পেরিস্টালসিস নিয়ন্ত্রণ করে।
চীফ/জাইমোজেনিক কোষ/ পেপটিক কোষ	পেপসিনোজেন নিঃসরণ করে যা HCl এর উপস্থিতিতে পেপসিনে পরিণত হয়
গ্যাস্ট্রিন কোষ বা জি কোষ	গ্যাস্ট্রিন নামক হরমোন ক্ষরণ করে যা গ্যাস্ট্রিক রস নিঃসরণ নিয়ন্ত্রণ করে

58. রঙিন জিন থাকা সত্ত্বেও হোয়াইট লেগহর্ন মুরগীর পালক সাদা হয় কেন?

- A. সমপ্রকটতা
B. পরিপূরক জিন
C. প্রাচ্ছন্ন এপিষ্ট্যাটিস
D. প্রকট এপিষ্ট্যাটিস

সঠিক উত্তর

D. প্রকট এপিষ্ট্যাটিস

পোস্ট মর্টেম	প্রশ্নটি যে অধ্যায় থেকে করা হয়েছে	প্রশ্নটি NETWORK এর যে পৃষ্ঠা থেকে কমন পড়েছে	যেভাবে কমন পড়েছে
	জীব প্রযুক্তি	পৃষ্ঠা নং: ৬৭৪ Item-03: আলোচনা	হুবহু

সঠিক উত্তরের পক্ষে যুক্তি: যখন একটি প্রকট জিন অন্য একটি নন-অ্যালিলিক প্রকট জিনের কার্যকারিতা প্রকাশে বাধা দেয় তখন এ প্রক্রিয়াকে প্রকট এপিষ্ট্যাটিস বলে। 1918 খ্রিস্টাব্দে বেটসন এবং প্যান্টে পরিচালিত এক পরীক্ষায় আবিষ্কৃত হয় যে সাদা লেগহর্ন গোষ্ঠীর মোরগ-মুরগীতে রঙিন পালক সৃষ্টির জন্য দায়ী একটি প্রকট জিন (C) থাকে। কিন্তু এপিষ্ট্যাটিক জিন (I)-এর কারণে রঙিন পালক সৃষ্টি হতে না পারায় পালকগুলো সাদা হয়। F_1 জনুতে সব সাদা পালক বিশিষ্ট হলেও F_2 জনুতে 13:3 অনুপাতে সাদা ও রঙিন পালক-বিশিষ্ট মোরগ-মুরগী সৃষ্টি হয়।

59. রক্ত জমাট বাঁধতে কোনটি সহায়তা করে?

- A. K^+
B. Mg^{2+}
C. Ca^{2+}
D. Na^+

সঠিক উত্তর

C. Ca^{2+}

পোস্ট মর্টেম	প্রশ্নটি যে অধ্যায় থেকে করা হয়েছে	প্রশ্নটি NETWORK এর যে পৃষ্ঠা থেকে কমন পড়েছে	যেভাবে কমন পড়েছে
	রক্ত ও সংবহন	পৃষ্ঠা নং: ৬৫৭ Item-03: আলোচনা	হুবহু

সঠিক উত্তরের পক্ষে যুক্তি: রক্ত জমাট বাধার জন্য প্রয়োজনীয় উপাদান- ফাইব্রিনোজেন, থ্রোম্বিন, থ্রম্বোপ্লাস্টিন, Ca^{2+} , অণুচক্রিকা।

60. চার প্রকোষ্ঠ রূপপিড বিশিষ্ট সরীসৃপ-

- A. ঘড়িয়াল
B. টিকটিকি
C. সামুদ্রিক কাছিম
D. কুমির

সঠিক উত্তর

D. কুমির

পোস্ট মর্টেম	প্রশ্নটি যে অধ্যায় থেকে করা হয়েছে	প্রশ্নটি NETWORK এর যে পৃষ্ঠা থেকে কমন পড়েছে	যেভাবে কমন পড়েছে
	জিনতন্ত্র ও বিবর্তন	পৃষ্ঠা নং: ৬৭৫ Item-02: আলোচনা	হুবহু

সঠিক উত্তরের পক্ষে যুক্তি: মেরুদণ্ডী প্রাণীর হৃৎপিণ্ডের প্রকোষ্ঠ-

প্রকোষ্ঠ	উদাহরণ	প্রকোষ্ঠ	উদাহরণ
দুই প্রকোষ্ঠ	মাছ	আংশিক চার প্রকোষ্ঠ	সরীসৃপ (কুমির ব্যতিক্রম- ৪ প্রকোষ্ঠ বিশিষ্ট)
তিন প্রকোষ্ঠ	উভচর	সম্পূর্ণ চার প্রকোষ্ঠ	পাখি ও স্তন্যপায়ী

61. মানবদেহে এন্টিবডি তৈরী করে কোনটি?

- A. লিম্ফোসাইট
B. নিউট্রোফিল
C. ইউসিনোফিল
D. বেসোফিল

সঠিক উত্তর

A. লিম্ফোসাইট

পোস্ট মর্টেম	প্রশ্নটি যে অধ্যায় থেকে করা হয়েছে	প্রশ্নটি NETWORK এর যে পৃষ্ঠা থেকে কমন পড়েছে	যেভাবে কমন পড়েছে
	রক্ত ও সংবহন	পৃষ্ঠা নং: ৬৫৭ Item-02: আলোচনা	হুবহু

সঠিক উত্তরের পক্ষে যুক্তি: শ্বেত রক্তকণিকার কাজ-

রক্তকণিকা	কাজ
নিউট্রোফিল	ফ্যাগোসাইটোসিসের মাধ্যমে দেহে প্রবিষ্ট জীবাণুকে সম্পূর্ণ গ্রাস করা।
ইউসিনোফিল	<ul style="list-style-type: none"> বড় জীবাণু, লার্ভা, <i>Trichinella</i>, <i>Schistosoma</i> পরজীবী ধ্বংস করে। অ্যালার্জিকজনিত প্রতিক্রিয়া গ্রহণ করা এবং তার মাত্রা নিয়ন্ত্রণের মাধ্যমে কষ্ট লাঘব করা।
বেসোফিল	হেপারিন ও হিস্টামিন নামক দুই ধরনের রাসায়নিক পদার্থ নিঃসরণ করে। অধিক রক্ত প্রবাহের জন্য হিস্টামিন রক্তনালিকে প্রসারিত করে। হেপারিন রক্তনালিতে রক্তকে জমাট বাঁধতে দেয় না।
মনোসাইট	ম্যাক্রোফেজ হিসেবে মৃতকোষ ভক্ষণ (ফ্যাগোসাইটোসিস) করে।
লিম্ফোসাইট	এগুলো লসিকাতন্ত্রে সৃষ্টি হয়। অ্যান্টিবডি তৈরী করে জীবাণু ধ্বংস করে। তাই এদেরকে আণুবীক্ষণিক সৈনিকও বলা হয়।

62. ঘাস ফড়িং এর লিঙ্গ নির্ধারণ পদ্ধতি কোনটি?

A. XX-XY

B. XX-XO

C. ZZ-ZO

D. ZZ-ZW

সঠিক উত্তর B. XX-XO

পোস্ট মর্টেম	প্রশ্নটি যে অধ্যায় থেকে করা হয়েছে	প্রশ্নটি NETWORK এর যে পৃষ্ঠা থেকে কমন পড়েছে	যেভাবে কমন পড়েছে
	জিনতত্ত্ব ও বিবর্তন	পৃষ্ঠা নং: ৬৭৪ Concept-02: আলোচনা	হুবহু

সঠিক উত্তরের পক্ষে যুক্তি: লিঙ্গ নির্ধারণ পদ্ধতি-

ধরন	যেসব প্রাণীতে ঘটে
XX-XY	<i>Drosophila</i> , বিভিন্ন ধরনের পতঙ্গ, গাজা, তেলাকুচা, ইলোডিয়া, কক্কিনিয়া ও মানুষসহ সকল স্তন্যপায়ী প্রাণী।
XX-XO	<i>Dioscorea</i> শ্রেণীভুক্ত উদ্ভিদ ও ঘাসফড়িং, গাঙ্কিপোকা, আরশোলা, ছারপোকা, অর্থোপ্টেরা, হেটারোপ্টেরা শ্রেণীভুক্ত প্রাণী।
ZZ-ZW	পাখি, প্রজাপতি ও কিছু মাছ।
ZZ-ZO	কিছু মথ ও প্রজাপতি।

63. অস্থির সাথে পেশির সংযোগ স্থাপন করে-

A. টেনডন

B. লিগামেন্ট

C. সাইনোভিয়াম

D. ফাইবার

সঠিক উত্তর A. টেনডন

পোস্ট মর্টেম	প্রশ্নটি যে অধ্যায় থেকে করা হয়েছে	প্রশ্নটি NETWORK এর যে পৃষ্ঠা থেকে কমন পড়েছে	যেভাবে কমন পড়েছে
	চলন ও অঙ্গচালনা	পৃষ্ঠা নং: ৬৬৮ Item-02: আলোচনা	হুবহু

সঠিক উত্তরের পক্ষে যুক্তি: অস্থির সাথে পেশির সংযোগ ঘটায় টেনডন ও অস্থির সাথে অস্থির সংযোগ ঘটায় লিগামেন্ট। টেনডন থেকে যে সকল অস্থি উৎপন্ন লাভ করে তাদের সিসাময়েড অস্থি বলে। প্যাটেলা ও কুনিফর্ম সিসাময়েড অস্থি।

64. শ্বসনতন্ত্রের কোন স্থানে গ্যাসের বিনিময় হয়?

A. অ্যালভিওলাস

B. ব্রঙ্কাস

C. ব্রঙ্কিওল

D. ট্র্যাকিয়া

সঠিক উত্তর A. অ্যালভিওলাস

পোস্ট মর্টেম	প্রশ্নটি যে অধ্যায় থেকে করা হয়েছে	প্রশ্নটি NETWORK এর যে পৃষ্ঠা থেকে কমন পড়েছে	যেভাবে কমন পড়েছে
	শ্বসন ও শ্বাসক্রিয়া	পৃষ্ঠা নং: ৬৬৩ Item-01: আলোচনা	হুবহু

সঠিক উত্তরের পক্ষে যুক্তি: অ্যালভিওলাস-

- স্কোয়ামাস এপিথেলিয়াম কোষে গঠিত যা ফুসফুসের কার্যকরী একক
- সংখ্যা: নবজাতক- 20 মিলিয়ন; 8 বছর বয়সী- 300 মিলিয়ন; পূর্ণ বয়স্ক- 480 (274-790)/ 700 মিলিয়ন
- অ্যালভিওলাইয়ে ব্যাপন প্রক্রিয়ায় শ্বসন গ্যাসের বিনিময় সংঘটিত হয়
- অ্যালভিওলাসের প্রাচীর সারফেক্ট্যান্ট নামক রাসায়নিক পদার্থ ক্ষরণ করে।

65. প্রচ্ছন্ন লিখাল জিন কোন অবস্থায় জীবের মৃত্যু ঘটায়?

A. হোমোজাইগাস

B. হেটারোজাইগাস

C. হেমিজাইগাস

D. মনোজাইগাস

সঠিক উত্তর A. হোমোজাইগাস

পোস্ট মর্টেম	প্রশ্নটি যে অধ্যায় থেকে করা হয়েছে	প্রশ্নটি NETWORK এর যে পৃষ্ঠা থেকে কমন পড়েছে	যেভাবে কমন পড়েছে
	জিনতত্ত্ব ও বিবর্তন	পৃষ্ঠা নং: ৬৭৩ Item-03: আলোচনা	হুবহু

সঠিক উত্তরের পক্ষে যুক্তি: লিখাল জিন বা মারণ জিন (2:1): এক ধরনের মিউট্যান্ট জিন যা প্রকট বা প্রচ্ছন্ন অবস্থায় থাকে। প্রকট লিখাল জিন হোমোজাইগাস বা হেটারোজাইগাস উভয় অবস্থায় জীবের মৃত্যু কিংবা আংশিক বৈকল্য ঘটায় তবে প্রচ্ছন্ন লিখাল জিন কেবল হোমোজাইগাস অবস্থায় জীবের মৃত্যু ঘটায়। ক্যুয়োনো আবিষ্কার করেন, 25% মারা যায়। 50% এর বেশি মৃত্যু = সেমিলিখাল (হিমোফিলিয়া); 50% এর কম মৃত্যু = সাবভাইটাল (ড্রোসোফিলা মাছির লুপ্ত ডানা)। এছাড়া ক্রীপার মুরগি, পা বিহীন বাছুর, মানুষের ব্র্যাকিফ্যালাক্সি, হিমোফিলিয়া, জন্মগত ইকথিওসিস, থ্যালাসেমিয়া, সিকলসেল অ্যানিমিয়া, সিস্টিক ফাইব্রোসিস, রেটিনোব্লাস্টোমা, কনজেনিটাল ইকথিওসিস রোগ হয় লিখাল জিনের কারণে।

66. দ্বৈত প্রচ্ছন্ন এপিষ্ট্যাসিস এর উদাহরণ কোনটি?

A. মুক-বধিরতা

B. থ্যালাসেমিয়া

C. রাতকানা

D. লাল-সবুজ বর্ণাঙ্কতা

সঠিক উত্তর A. মুক-বধিরতা

পোস্ট মর্টেম	প্রশ্নটি যে অধ্যায় থেকে করা হয়েছে	প্রশ্নটি NETWORK এর যে পৃষ্ঠা থেকে কমন পড়েছে	যেভাবে কমন পড়েছে
	জিনতত্ত্ব ও বিবর্তন	পৃষ্ঠা নং: ৬৭৪ Item-03: আলোচনা	হুবহু

সঠিক উত্তরের পক্ষে যুক্তি: দুটি ভিন্ন লোকাসে অবস্থিত দুটি প্রচ্ছন্ন অ্যালিল যখন পরস্পরের (একে অপরের) প্রকট অ্যালিলকে নির্দিষ্ট বৈশিষ্ট্য প্রকাশে বাধা দেয়, তখন তাকে দ্বৈত প্রচ্ছন্ন এপিষ্ট্যাসিস বলে। অর্থাৎ এক্ষেত্রে কেবল হোমোজাইগাস প্রচ্ছন্ন বৈশিষ্ট্য প্রদর্শন করে। মানুষে জন্মগত মুক-বধিরতা দ্বৈত প্রচ্ছন্ন এপিষ্ট্যাসিসের অন্যতম উদাহরণ। এর ফিনোটাইপিক অনুপাত- 9:7।

67. Adam's Apple কোথায় অবস্থিত?

- A. নাসা গহ্বর B. ডেস্টিবিউল C. নাসাগলবিবল D. স্বরযন্ত্র

সঠিক উত্তর D. স্বরযন্ত্র

পোস্ট মর্টেম	প্রশ্নটি যে অধ্যায় থেকে করা হয়েছে	প্রশ্নটি NETWORK এর যে পৃষ্ঠা থেকে কমন পড়েছে	যেভাবে কমন পড়েছে
	শ্বসন ও শ্বাসক্রিয়া	পৃষ্ঠা নং: ৬৬৩ Item-01: আলোচনা	হুবহু

সঠিক উত্তরের পক্ষে যুক্তি: স্বরযন্ত্র বা ল্যারিংস:

- টুকরো টুকরো তরুণাঙ্ক নিয়ে গঠিত।
- এদের মধ্যে থাইরয়েড তরুণাঙ্ক (Adam's Apple/কণ্ঠমণি) সবচেয়ে বড়।
- স্বরযন্ত্রের অভ্যন্তরে ৬টি স্থিতিস্থাপক স্বররঞ্জ বা ভোকাল কর্ড থাকে।
- স্বরযন্ত্রের উপরে থাকে এপিগ্লটিস বা উপজিহ্বা।
- এপিগ্লটিস খাদ্য গলাধঃকরণের সময় স্বরযন্ত্রের মুখটি বন্ধ করে দেয়।
- স্বরযন্ত্রে স্বর উৎপন্ন হয়।

68. কোন প্রাণীর স্বাভাবিক মৃত্যু নেই?

- A. শামুক B. হাইড্রা C. জোক D. স্টার ফিশ

সঠিক উত্তর B. হাইড্রা

পোস্ট মর্টেম	প্রশ্নটি যে অধ্যায় থেকে করা হয়েছে	প্রশ্নটি NETWORK এর যে পৃষ্ঠা থেকে কমন পড়েছে	যেভাবে কমন পড়েছে
	প্রাণির পরিচিতি	পৃষ্ঠা নং: ৬৪২ Item-01: আলোচনা	হুবহু

সঠিক উত্তরের পক্ষে যুক্তি: হাইড্রার ইতিহাস ও বৈশিষ্ট্য-

- Hydra'র প্রকৃত আবিষ্কারক-আব্রাহাম ট্রেমলে (1744 সালে), নামকারক ক্যারোলাস লিনিয়াস (1758 সালে), পুনরুৎপত্তি ক্ষমতার আবিষ্কারক-ট্রেমলে।
- গ্রিক রূপকথার নয় মাথাওয়ালা ড্রাগনের নামানুসারে হাইড্রার নামকরণ করা হয়।
- Hydra মুক্তজীবী, মাংসাশী, মিঠা পানির প্রাণি ও পুনরুৎপত্তি ক্ষমতা প্রচন্ড।

69. ঘাসফড়িং এর দৈহিক বৃদ্ধির জন্য বারবার খোলস বদলানোর প্রক্রিয়ার নাম-

- A. একডাইসিস B. ইনস্টার C. মোল্টিং D. মেটামরফোসিস

সঠিক উত্তর C. মোল্টিং

পোস্ট মর্টেম	প্রশ্নটি যে অধ্যায় থেকে করা হয়েছে	প্রশ্নটি NETWORK এর যে পৃষ্ঠা থেকে কমন পড়েছে	যেভাবে কমন পড়েছে
	প্রাণির পরিচিতি	পৃষ্ঠা নং: ৬৪৪ Item-02: আলোচনা	হুবহু

সঠিক উত্তরের পক্ষে যুক্তি: ঘাসফড়িং এর রূপান্তর সম্পর্কিত কিছু তথ্য-

- বৃদ্ধিকালীন সময়ে এদের দেহের কাইটিন নির্মিত অনমনীয় খোলসটি বারবার পরিত্যক্ত হয়। এ ধরনের খোলস ত্যাগকে নির্মোচন বা মোল্টিং বলে।
- নিফ থেকে পূর্ণাঙ্গ পরিণত হতে ঘাসফড়িংয়ের মোট পাঁচবার নির্মোচন ঘটে।
- দুটি নির্মোচনের মধ্যবর্তী দশাকে ইনস্টার বলে।
- ঘাসফড়িংয়ের নিফ হতে পূর্ণাঙ্গ দশায় পরিণত হতে প্রায় দুই মাস সময় লাগে।
- রূপান্তরের শুরুতে মস্তিষ্কের ইন্টারসেরিব্রাল গ্রন্থিকোষ থেকে প্রোথোরাসিকোট্রুপিক হরমোন ক্ষরিত হয়ে প্রোথোরাসিক গ্রন্থিকে একডাইসন হরমোন ক্ষরণে উদ্দীপিত করে।

70. জীবন্ত জীবাশ্ম কোনটি?

- A. Peripatus B. Platypus C. Eohippus D. Equus

সঠিক উত্তর B. Platypus

পোস্ট মর্টেম	প্রশ্নটি যে অধ্যায় থেকে করা হয়েছে	প্রশ্নটি NETWORK এর যে পৃষ্ঠা থেকে কমন পড়েছে	যেভাবে কমন পড়েছে
	জিনতত্ত্ব ও বিবর্তন	পৃষ্ঠা নং: ৬৭৬ Item-02: আলোচনা	হুবহু

সঠিক উত্তরের পক্ষে যুক্তি: [বিভিন্ন লেখকের বই অনুসারে A ও B দুটিই সঠিক। তবে B অধিক গ্রহণযোগ্য।]

জীবন্ত জীবাশ্ম: যে সব প্রাণী সুদূর অতীতে উৎপত্তি লাভ করে আজও অঙ্গসংস্থানিক ও শারীরবৃত্তীয় কাজের অপরিবর্তিত রূপ নিয়ে পৃথিবীতে বেঁচে আছে অথচ এদের সমসাময়িক ও সমগোত্রীয় প্রায় সবাই আগে বিলুপ্ত হয়েছে এবং যারা পর্ব থেকে পর্বের বা শ্রেণি থেকে শ্রেণির উদ্ভবের নিদর্শন বহন করে চলেছে সেগুলোকে জীবন্ত জীবাশ্ম বা লিভিং ফসিল বলে। Platypus (প্লাটিপাস), Limulus (আর্থ্রোপোড), Sphenodon (সরিসূপ), Latimaria (মাছ), Chimaera, Peripatus ইত্যাদি জীবন্ত জীবাশ্ম।

প্রশ্ন-২০টি

গণিত

মান-২০

71. কোন রেখাটি $3y = \sqrt{3}x + 15$ রেখায় 15° কোণে অবনত?

A. $\sqrt{3}y = 3x + 15$

B. $3y = 3x + 7$

C. $3y = \sqrt{3}x - 15$

D. $3y = 4x + 15$

সঠিক উত্তর

B. $3y = 3x + 7$

পোস্ট মর্টেম	প্রশ্নটি যে অধ্যায় থেকে করা হয়েছে	প্রশ্নটি NETWORK এর যে পৃষ্ঠা থেকে কমন পড়েছে	যেভাবে কমন পড়েছে
	সরলরেখা	পৃষ্ঠা নং: ২৪০ Concept-11	সাদৃশ্যপূর্ণ

সঠিক উত্তরের পক্ষে যুক্তি: Option Test: $3y = \sqrt{3}x + 15 \Rightarrow m_1 = \frac{1}{\sqrt{3}} = \tan\theta_1 \Rightarrow \theta_1 = 30^\circ$

অপশন B হতে $3y = 3x + 7 \Rightarrow m_2 = 1 = \tan\theta_2 \Rightarrow \theta_2 = 45^\circ$

$\therefore \Delta\theta = \theta_2 - \theta_1 = 45^\circ - 30^\circ = 15^\circ$

বিকল্প: Option Test:

$3y = \sqrt{3}x + 15 \Rightarrow y = \frac{1}{\sqrt{3}}x + 5 \therefore m_2 = \frac{1}{\sqrt{3}}$

$\therefore \tan\theta = \frac{m_1 - m_2}{1 + m_1 m_2} \Rightarrow \tan 15^\circ = \frac{m_1 - \frac{1}{\sqrt{3}}}{1 + m_1 \times \frac{1}{\sqrt{3}}}$

$\Rightarrow m_1 = 1$; অপশন B তে, $m = 1$

72. কোন রেখাটি x-অক্ষকে মূল বিন্দু থেকে 3 একক দূরত্বে ছেদ করে?

A. $y = 2x - 6$

B. $y = 2x - 4$

C. $y = 3x + 6$

D. $y = 3x - 2$

সঠিক উত্তর

A. $y = 2x - 6$

পোস্ট মর্টেম	প্রশ্নটি যে অধ্যায় থেকে করা হয়েছে	প্রশ্নটি NETWORK এর যে পৃষ্ঠা থেকে কমন পড়েছে	যেভাবে কমন পড়েছে
	সরলরেখা	পৃষ্ঠা নং: ২৩৭ Concept-08	সাদৃশ্যপূর্ণ


সঠিক উত্তরের পক্ষে যুক্তি: $y = 2x - 6$

$\Rightarrow 2x - y = 6$

$\Rightarrow \frac{2x}{6} - \frac{y}{6} = 1$

$\Rightarrow \frac{x}{3} + \frac{y}{(-6)} = 1$

রেখাটি x অক্ষকে (3, 0) বিন্দুতে মূলবিন্দু থেকে 3 একক দূরত্বে ছেদ করে।

73. $2\sin 3\theta - \sqrt{3} = 0$, $\pi < 9\theta < 8\pi$ এর সমাধান সেট কোনটি?

A. $\left\{\frac{2\pi}{9}, \frac{7\pi}{9}\right\}$

B. $\left\{\frac{\pi}{9}, \frac{2\pi}{9}, \frac{8\pi}{9}\right\}$

C. $\left\{\frac{2\pi}{9}\right\}$

D. $\left\{\frac{\pi}{9}\right\}$

সঠিক উত্তর

A. $\left\{\frac{2\pi}{9}, \frac{7\pi}{9}\right\}$

পোস্ট মর্টেম	প্রশ্নটি যে অধ্যায় থেকে করা হয়েছে	প্রশ্নটি NETWORK এর যে পৃষ্ঠা থেকে কমন পড়েছে	যেভাবে কমন পড়েছে
	বিপরীত ত্রিকোণমিতি	পৃষ্ঠা নং: ৩৪৬; Mex	সাদৃশ্যপূর্ণ

সঠিক উত্তরের পক্ষে যুক্তি: $\pi < 9\theta < 8\pi \Rightarrow \frac{\pi}{9} < \theta < \frac{8\pi}{9}$ এখন, $2\sin 3\theta - \sqrt{3} = 0 \Rightarrow \sin 3\theta = \left(\frac{\sqrt{3}}{2}\right) \Rightarrow 3\theta = n\pi + (-1)^n \frac{\pi}{3} \Rightarrow \theta = \frac{n\pi}{3} + (-1)^n \frac{\pi}{9}$

$n = 0$ হলে, $\theta = \frac{\pi}{9}$; $n = 1$ হলে, $\theta = \frac{\pi}{3} - \frac{\pi}{9} = \frac{2\pi}{9}$; $n = 2$ হলে, $\theta = \frac{2\pi}{3} + \frac{\pi}{9} = \frac{7\pi}{9}$; $n = 3$ হলে, $\theta = \frac{3\pi}{3} - \frac{\pi}{9} = \frac{8\pi}{9}$

$\therefore \frac{\pi}{9} < \theta < \frac{8\pi}{9}$ এ সীমার মধ্যে $\theta = \left\{\frac{2\pi}{9}, \frac{7\pi}{9}\right\}$

74. কোন চতুর্ভুজের $x + y = 2$ এবং $x - y = 12$ রেখা দুটির পরস্পরকে ছেদ করে?

A. I

B. II

C. III

D. IV

সঠিক উত্তর

D. IV

পোস্ট মর্টেম	প্রশ্নটি যে অধ্যায় থেকে করা হয়েছে	প্রশ্নটি NETWORK এর যে পৃষ্ঠা থেকে কমন পড়েছে	যেভাবে কমন পড়েছে
	সরলরেখা	-	-

সঠিক উত্তরের পক্ষে যুক্তি: $x + y = 2$ (i)

$x - y = 12$ (ii)

$\{(i) + (ii)\} \Rightarrow 2x = 14 \Rightarrow x = 7$

$\{(i) - (ii)\} \Rightarrow 2y = -10 \Rightarrow y = -5 \therefore (x, y) = (7, -5)$ যা চতুর্ভুজের চতুর্ভুজে অবস্থিত।

75. ব্যাসার্ধের সমান দৈর্ঘ্যের একটি জ্যা বৃত্তের কেন্দ্রে কত কোণ তৈরী করে?

- A. 1° B. $\frac{\pi}{6}$ C. $\frac{\pi}{3}$ D. $\frac{\pi}{4}$

সঠিক উত্তর C. $\frac{\pi}{3}$

পোস্ট মর্টেম	প্রশ্নটি যে অধ্যায় থেকে করা হয়েছে	প্রশ্নটি NETWORK এর যে পৃষ্ঠা থেকে কমন পড়েছে	যেভাবে কমন পড়েছে
		বৃত্ত	-

সঠিক উত্তরের পক্ষে যুক্তি: বৃত্তের জ্যা কর্তৃক কেন্দ্রে উৎপন্ন কোণ $\theta = 2\sin^{-1}\left(\frac{\text{জ্যা এর দৈর্ঘ্য}}{\text{ব্যাস}}\right) = 2\sin^{-1}\left(\frac{r}{2r}\right) = 2\sin^{-1}\left(\frac{1}{2}\right) = 2 \times \frac{\pi}{6} = \frac{\pi}{3}$

76. কোন বিন্দুর পোলার স্থানাঙ্ক $(2, 120^\circ)$ হলে উহার কার্তেসীয় স্থানাঙ্ক-

- A. $(-1, \sqrt{3})$ B. $(-1, -\sqrt{3})$ C. $(2, \sqrt{3})$ D. $(\sqrt{3}, 1)$

সঠিক উত্তর A. $(-1, \sqrt{3})$

পোস্ট মর্টেম	প্রশ্নটি যে অধ্যায় থেকে করা হয়েছে	প্রশ্নটি NETWORK এর যে পৃষ্ঠা থেকে কমন পড়েছে	যেভাবে কমন পড়েছে
		সরলরেখা	পৃষ্ঠা নং: ২৪৪ SAU-14 নং প্রশ্ন

সঠিক উত্তরের পক্ষে যুক্তি: $(r, \theta) = (2, 120^\circ) \therefore x = r\cos\theta = 2\cos 120^\circ = 2\left(-\frac{1}{2}\right) = -1$ এবং $y = r\sin\theta = 2\sin 120^\circ = 2\left(\frac{\sqrt{3}}{2}\right) = \sqrt{3}$

\therefore কার্তেসীয় স্থানাঙ্ক, $(x, y) = (-1, \sqrt{3})$

77. $(5, 0)$ বিন্দুকে কেন্দ্র করে অঙ্কিত $\frac{x^2}{2} + \frac{y^2}{8} = 1$ উপবৃত্তের সমান ক্ষেত্রফল বিশিষ্ট বৃত্তের সমীকরণ-

- A. $x^2 - 10x + y^2 + 16 = 0$ B. $x^2 - 10x + y^2 + 21 = 0$ C. $x^2 + y^2 = 4$ D. $x^2 + y^2 = 16$

সঠিক উত্তর B. $x^2 - 10x + y^2 + 21 = 0$

পোস্ট মর্টেম	প্রশ্নটি যে অধ্যায় থেকে করা হয়েছে	প্রশ্নটি NETWORK এর যে পৃষ্ঠা থেকে কমন পড়েছে	যেভাবে কমন পড়েছে
		বৃত্ত	-

সঠিক উত্তরের পক্ষে যুক্তি: $\frac{x^2}{2} + \frac{y^2}{8} = 1$

$\therefore a = \sqrt{2}, b = 2\sqrt{2}$ এবং ক্ষেত্রফল $= \pi ab = \pi \cdot \sqrt{2} \cdot 2\sqrt{2} = 4\pi$ বর্গ একক

বৃত্তের ক্ষেত্রফল, $\pi r^2 = 4\pi \Rightarrow r^2 = 4$

$\therefore (5, 0)$ কেন্দ্রবিশিষ্ট বৃত্তের ক্ষেত্রফল $(x-5)^2 + (y-0)^2 = 4 \Rightarrow x^2 + y^2 - 10x + 21 = 0$

78. কোন বিন্দুটি $\frac{x^2}{9} + \frac{y^2}{16} = 1$ উপবৃত্তের বহির্ভাগে অবস্থিত?

- A. $(3, 0)$ B. $(0, 3)$ C. $(-2, 3)$ D. $(1, 3)$

সঠিক উত্তর C. $(-2, 3)$

পোস্ট মর্টেম	প্রশ্নটি যে অধ্যায় থেকে করা হয়েছে	প্রশ্নটি NETWORK এর যে পৃষ্ঠা থেকে কমন পড়েছে	যেভাবে কমন পড়েছে
		বৃত্ত	পৃষ্ঠা নং: ২৫৪ Concept-08

সঠিক উত্তরের পক্ষে যুক্তি: $\frac{x^2}{9} + \frac{y^2}{16} = 1 \Rightarrow 16x^2 + 9y^2 - 144 = 0$

$\therefore 16(-2)^2 + 9(3)^2 - 144 = 1 > 0$

সুতরাং $(-2, 3)$ বিন্দুটি উপবৃত্তের বহির্ভাগে অবস্থিত।

79. একটি সামান্তরিকের দুইটি বাহু 10m ও 8m এবং তাদের অন্তর্গত কোণ 60° হলে সামান্তরিকটির ক্ষেত্রফল কত m^2 ?


- A. 40 B. $40\sqrt{3}$ C. 80 D. $80\sqrt{3}$

সঠিক উত্তর B. $40\sqrt{3}$

পোস্ট মর্টেম	প্রশ্নটি যে অধ্যায় থেকে করা হয়েছে	প্রশ্নটি NETWORK এর যে পৃষ্ঠা থেকে কমন পড়েছে	যেভাবে কমন পড়েছে
		ভেক্টর	পৃষ্ঠা নং: ৩০৫ BAU-06 নং প্রশ্ন

সঠিক উত্তরের পক্ষে যুক্তি: ABCD সামান্তরিকের ক্ষেত্রফল $= 2 \times \Delta ABC$ এর ক্ষেত্রফল

$= 2 \times \left(\frac{1}{2} \times 10 \times 8 \times \sin 60^\circ\right) = 40\sqrt{3} m^2$



শিক্ষার স্বাবিকছ পাঠশালায়

80. M-ক্ষেত্রের উর্বরতা N-ক্ষেত্রের উর্বরতার দ্বিগুণ। M-ক্ষেত্রের একটি $800 \times 100 \text{ m}^2$ আয়তাকার ভূমি, N-ক্ষেত্রে সমান উৎপাদনশীল একটি বর্গাকার ভূমির সঙ্গে বিনিময় করতে হলে বর্গাকার ভূমির দৈর্ঘ্য কত m হতে হবে?

A. 400

B. 450

C. 600

D. 900

সঠিক উত্তর A. 400

পোস্ট মর্টেম	প্রশ্নটি যে অধ্যায় থেকে করা হয়েছে	প্রশ্নটি NETWORK এর যে পৃষ্ঠা থেকে কমন পড়েছে	যেভাবে কমন পড়েছে
	মৌলিক জ্ঞান ও সিলেবাস বহির্ভূত বিষয়	পৃষ্ঠা নং: ৩৭৫	সাদৃশ্যপূর্ণ

- সঠিক উত্তরের পক্ষে যুক্তি:** ধরি, N ক্ষেত্রের উর্বরতা $x \text{ m}^{-2}$

$$\therefore M \text{ ক্ষেত্রের উর্বরতা } 2x \text{ m}^{-2}$$

$$M \text{ ক্ষেত্রের ক্ষেত্রফল} = 800 \times 100 \text{ m}^2 = 8 \times 10^4 \text{ m}^2$$

$$\therefore M \text{ ক্ষেত্রের উর্বরতা} = 16 \times 10^4 x = N \text{ ক্ষেত্রের উর্বরতা}$$

$$\therefore N \text{ ক্ষেত্রের ক্ষেত্রফল} = \frac{16 \times 10^4 x}{x} \text{ m}^2 = 16 \times 10^4 \text{ m}^2$$

$$\therefore \text{বর্গাকার ভূমির বাহুর দৈর্ঘ্য} = 400 \text{ m}$$

81. একটি বৃত্তাকার জলাশয় থেকে সমস্ত মাছ অন্য একটি বৃত্তাকার জলাশয়ে স্থানান্তর করা হলো। দ্বিতীয় জলাশয়ের ব্যাসার্ধ প্রথম জলাশয়ের দ্বিগুণ, তবে গভীরতা প্রথম জলাশয়ের অর্ধেক। স্থানান্তরের কারণে মাছের ঘনত্বে কত পরিবর্তন আসলো?

A. দ্বিগুণ কমলো

B. দ্বিগুণ বাড়লো

C. অপরিবর্তিত রইল

D. চারগুণ কমলো

সঠিক উত্তর A. দ্বিগুণ কমলো

পোস্ট মর্টেম	প্রশ্নটি যে অধ্যায় থেকে করা হয়েছে	প্রশ্নটি NETWORK এর যে পৃষ্ঠা থেকে কমন পড়েছে	যেভাবে কমন পড়েছে
	অন্তরীকরণ	পৃষ্ঠা নং: ২৮১ Concept-09	সাদৃশ্যপূর্ণ

- সঠিক উত্তরের পক্ষে যুক্তি:** পুকুরের আয়তন = ক্ষেত্রফল \times গভীরতা $= \pi r^2 h$; $v_1 = \pi r_1^2 h_1$, $v_2 = \pi r_2^2 h_2 = \pi (2r_1)^2 \times \frac{h_1}{2} = 2\pi r_1^2 h_1 = 2v_1$

$$\rho_1 = \frac{m}{v_1}, \rho_2 = \frac{m}{v_2} = \frac{m}{2v_1} \therefore \frac{\rho_2}{\rho_1} = \frac{1}{2} \Rightarrow \rho_2 = \frac{\rho_1}{2} \text{ অর্থাৎ ঘনত্ব আদি ঘনত্ব এর অর্ধেক হয়েছে বা দ্বিগুণ কমেছে।}$$

82. একটি ভূমির সীমান্ত রেখা বরাবর সমুদ্রতটে গাছের চারা লাগানো হবে। একটি আয়তাকার ভূমি যার দৈর্ঘ্য প্রস্থের চারগুণ, সমান ক্ষেত্রফল বিশিষ্ট অন্য একটি বর্গাকার ভূমির সঙ্গে বিনিময় করা হলো। এক্ষেত্রে চারা রোপন সংখ্যার কি পরিবর্তন হলো?

A. ১০% বাড়লো

B. ১০% কমলো

C. অপরিবর্তিত রইল

D. ২০% কমলো

সঠিক উত্তর D. ২০% কমলো

পোস্ট মর্টেম	প্রশ্নটি যে অধ্যায় থেকে করা হয়েছে	প্রশ্নটি NETWORK এর যে পৃষ্ঠা থেকে কমন পড়েছে	যেভাবে কমন পড়েছে
	মৌলিক জ্ঞান ও সিলেবাস বহির্ভূত বিষয়	পৃষ্ঠা নং: ৩৭৫	সাদৃশ্যপূর্ণ


- সঠিক উত্তরের পক্ষে যুক্তি:** আয়তাকার ভূমির পরিসীমা $= 2(x + 4x) = 10x$ একক

$$\text{বর্গাকার ভূমির ক্ষেত্রফল} = 4x \times x = 4x^2 \text{ বর্গ একক}$$

$$\therefore a^2 = 4x^2 \Rightarrow a = 2x$$

$$\text{বর্গের পরিসীমা} = 4a = 4 \times 2x = 8x \text{ একক}$$

$$\therefore \text{চারা রোপন সংখ্যার হ্রাস} = \left| \frac{10x - 8x}{10x} \right| \times 100\% = \left| \frac{2}{10} \right| \times 100\% = 20\%$$



83. $x \leq 2$, $y \geq 3$, $y \leq 2x$ শর্তাধীনে $z = 3x + 4y$ এর সর্বোচ্চ মান কত?

A. 18

B. 22

C. 16.5

D. 26

সঠিক উত্তর B. 22

পোস্ট মর্টেম	প্রশ্নটি যে অধ্যায় থেকে করা হয়েছে	প্রশ্নটি NETWORK এর যে পৃষ্ঠা থেকে কমন পড়েছে	যেভাবে কমন পড়েছে
	যোগাশয়ী প্রোগ্রাম	পৃষ্ঠা নং: ৩৬৮ JGVC-01 নং প্রশ্ন	অনুরূপ

- সঠিক উত্তরের পক্ষে যুক্তি:** $x \leq 2 \therefore 2x \leq 4$

$$y \geq 3 \therefore y \leq 2x$$


$$\therefore y \leq 4 \therefore 3 \leq y \leq 4$$

$$\text{আবার, } 3 \leq y \leq 2x$$

$$\Rightarrow 3 \leq 2x$$

$$\Rightarrow 1.5 \leq x \therefore 1.5 \leq x \leq 2$$

$$\therefore z = 3x + 4y = 3 \times 2 + 4 \times 4 = 22$$



শিক্ষার সবকিছু পাঠশালায়

84. $\left(\frac{1+2\sqrt{2}i}{-1+2\sqrt{2}i}\right)^3$ এর মডুলাস = ?

A. $\sqrt{2}$

B. 1

C. $\sqrt{3}$

D. 2

সঠিক উত্তর B. 1

পোস্ট মর্টেম	প্রশ্নটি যে অধ্যায় থেকে করা হয়েছে	প্রশ্নটি NETWORK এর যে পৃষ্ঠা থেকে কমন পড়েছে	যেভাবে কমন পড়েছে
	জটিল সংখ্যা	পৃষ্ঠা নং: ২৪০ Concept-02	সাদৃশ্যপূর্ণ

সঠিক উত্তরের পক্ষে যুক্তি: $\left|\frac{1+2\sqrt{2}i}{-1+2\sqrt{2}i}\right|^3 = \left|\frac{1+2\sqrt{2}i}{-1+2\sqrt{2}i}\right|^3 = \left(\frac{\sqrt{1^2+(2\sqrt{2})^2}}{\sqrt{(-1)^2+(2\sqrt{2})^2}}\right)^3 = 1^3 = 1$

85. p ও q এর মান যথাক্রমে কত হলে $15x^2 + px - 2 = 0$ এবং $qx^2 + 3x - 6 = 0$ সমীকরণদ্বয়ের মূলদ্বয় অভিন্ন হবে?

A. 15, 3

B. 9, 5

C. 1, 45

D. 45, 1

সঠিক উত্তর C. 1, 45

পোস্ট মর্টেম	প্রশ্নটি যে অধ্যায় থেকে করা হয়েছে	প্রশ্নটি NETWORK এর যে পৃষ্ঠা থেকে কমন পড়েছে	যেভাবে কমন পড়েছে
	বহুপদী ও বহুপদী সমীকরণ	পৃষ্ঠা নং: ৩২৮ Concept-07	সাদৃশ্যপূর্ণ

সঠিক উত্তরের পক্ষে যুক্তি: x^2 এর সহগ এর অনুপাত = x এর সহগের অনুপাত = ধ্রুবক পদের অনুপাত

$$\Rightarrow \frac{15}{q} = \frac{p}{3} = \frac{-2}{-6} \therefore p = 1 \text{ এবং } q = 45$$

86. একটি পুকুরে 1 বর্গফুট জায়গা জুড়ে কচুরীপানা আছে। প্রবৃদ্ধির হার প্রতিদিন 10 হলে চার দিন পর কচুরীপানা কত বর্গফুট জায়গা দখল করবে?

A. 1.21

B. 1.46

C. 1.58

D. 1.62

সঠিক উত্তর B. 1.46

পোস্ট মর্টেম	প্রশ্নটি যে অধ্যায় থেকে করা হয়েছে	প্রশ্নটি NETWORK এর যে পৃষ্ঠা থেকে কমন পড়েছে	যেভাবে কমন পড়েছে
	মৌলিক জ্ঞান ও সিলেবাস বহির্ভূত বিষয়	পৃষ্ঠা নং: ৩৭৫	সাদৃশ্যপূর্ণ

সঠিক উত্তরের পক্ষে যুক্তি: $A = P(1+r)^n = 1\left(1 + \frac{10}{100}\right)^4 = 1.46$ বর্গফুট।

87. $\sin^2 \operatorname{cosec}^{-1}(5/3) + \cos^2 \operatorname{cosec}^{-1}(5/3) = ?$

A. $\frac{3}{4}$

B. $\frac{9}{25}$

C. 1

D. $\frac{3}{10}$

সঠিক উত্তর C. 1

পোস্ট মর্টেম	প্রশ্নটি যে অধ্যায় থেকে করা হয়েছে	প্রশ্নটি NETWORK এর যে পৃষ্ঠা থেকে কমন পড়েছে	যেভাবে কমন পড়েছে
	বিপরীত ত্রিকোণমিতিক সমীকরণ	পৃষ্ঠা নং: ৩৪৯ SyLAU ০৫ নং প্রশ্ন	অনুরূপ

সঠিক উত্তরের পক্ষে যুক্তি: $\sin^2 \operatorname{cosec}^{-1}\left(\frac{5}{3}\right) + \cos^2 \operatorname{cosec}^{-1}\left(\frac{5}{3}\right) = \left(\frac{3}{5}\right)^2 + \left(\frac{4}{5}\right)^2 = 1$

88. $f(x) = \frac{x+2}{x(x+3)} + \frac{3x+1}{x(x+4)}$ হলে $\lim_{x \rightarrow \infty} xf(x) = ?$

A. 2

B. 3

C. 4

D. $\frac{3}{4}$

সঠিক উত্তর C. 4

পোস্ট মর্টেম	প্রশ্নটি যে অধ্যায় থেকে করা হয়েছে	প্রশ্নটি NETWORK এর যে পৃষ্ঠা থেকে কমন পড়েছে	যেভাবে কমন পড়েছে
	অন্তরীকরণ	পৃষ্ঠা নং: ২৭৫ BAU-01 নং প্রশ্ন	অনুরূপ

সঠিক উত্তরের পক্ষে যুক্তি: $xf(x) = \frac{x+2}{x+3} + \frac{3x+1}{x+4} = \frac{1 + \frac{2}{x}}{1 + \frac{3}{x}} + \frac{3 + \frac{1}{x}}{1 + \frac{4}{x}}$

$$\therefore \lim_{x \rightarrow \infty} xf(x) = \frac{1 + \frac{2}{\infty}}{1 + \frac{3}{\infty}} + \frac{3 + \frac{1}{\infty}}{1 + \frac{4}{\infty}} = \frac{1+0}{1+0} + \frac{3+0}{1+0} = 4$$

89. $\int_{e^2}^{e^3} \frac{(\ln x)^3}{x} dx = ?$

A. $\frac{45}{4}$

B. $\frac{58}{4}$

C. $\frac{65}{4}$

D. $e^2/4$

সঠিক উত্তর C. $\frac{65}{4}$

পোস্ট মর্টেম	প্রশ্নটি যে অধ্যায় থেকে করা হয়েছে	প্রশ্নটি NETWORK এর যে পৃষ্ঠা থেকে কমন পড়েছে	যেভাবে কমন পড়েছে
	যোগজীকরণ	পৃষ্ঠা নং: ৩০০ BUA-12 নং প্রশ্ন	অনুরূপ

সঠিক উত্তরের পক্ষে যুক্তি: $\int_{e^2}^{e^3} \frac{(\ln x)^3}{x} dx = \int_{e^2}^{e^3} (\ln x)^3 d(\ln x) = \frac{1}{4} [(\ln x)^4]_{e^2}^{e^3} = \frac{1}{4} [(\ln e^3)^4 - (\ln e^2)^4] = \frac{1}{4} [(3)^4 - (2)^4] = \frac{65}{4}$

90. $x - 2y = 6$ রেখাটি y-অক্ষের ধনাত্মক দিকের প্রতি কত কোণে অবনত?

A. $\tan^{-1}(3)$

B. $\tan^{-1}(1)$

C. $\tan^{-1}(2)$

D. $\tan^{-1}(-2)$

সঠিক উত্তর C. $\tan^{-1}(2)$


পোস্ট মর্টেম	প্রশ্নটি যে অধ্যায় থেকে করা হয়েছে	প্রশ্নটি NETWORK এর যে পৃষ্ঠা থেকে কমন পড়েছে	যেভাবে কমন পড়েছে
	সরলরেখা	-	-

সঠিক উত্তরের পক্ষে যুক্তি: $x - 2y = 6$

$$\Rightarrow y = \frac{1}{2}x - 3$$

$$\therefore m = \frac{1}{2} \therefore \theta = \tan^{-1} \frac{1}{2}$$

$$\therefore y \text{ অক্ষের ধনাত্মক দিকের সাথে অবনত কোণ} \\ = 90^\circ - \tan^{-1} \frac{1}{2} = \cot^{-1} \frac{1}{2} = \tan^{-1} 2$$



প্রশ্ন-১০টি ইংরেজি জ্ঞান-১০

91. "But the dreamers of the day are dangerous people" - in whose poem does this line occur?

A. Robert Frost

B. D. H. Lawrence

C. Langston Hughes

D. S.T. Coleridge

সঠিক উত্তর B. D. H. Lawrence

পোস্ট মর্টেম	প্রশ্নটি যে অধ্যায় থেকে করা হয়েছে	প্রশ্নটি NETWORK এর যে পৃষ্ঠা থেকে কমন পড়েছে	যেভাবে কমন পড়েছে
	Text Book	-	Basic

সঠিক উত্তরের পক্ষে যুক্তি: Textbook এর Dream অধ্যায়ের একটি কবিতা এটি। D.H. Lawrence এর লেখা Dream কবিতার লাইন এটি।

92. Which is the antonym for 'affluent'?

A. Wealthy

B. Miserly

C. Cautious

D. Poor

সঠিক উত্তর D. Poor

পোস্ট মর্টেম	প্রশ্নটি যে অধ্যায় থেকে করা হয়েছে	প্রশ্নটি NETWORK এর যে পৃষ্ঠা থেকে কমন পড়েছে	যেভাবে কমন পড়েছে
	Synonym & Antonym	Previous Year Question	অনুরূপ

সঠিক উত্তরের পক্ষে যুক্তি: Affluent অর্থ প্রাচুর্যপূর্ণ, যার বিপরীত শব্দ Poor (গরীব)।

93. Which word does not have verb form?

A. Sorrow

B. Anger

C. Hate

D. Fame

সঠিক উত্তর D. Fame

পোস্ট মর্টেম	প্রশ্নটি যে অধ্যায় থেকে করা হয়েছে	প্রশ্নটি NETWORK এর যে পৃষ্ঠা থেকে কমন পড়েছে	যেভাবে কমন পড়েছে
	Parts of speech	Page: 697 Previous Year Question	অনুরূপ

সঠিক উত্তরের পক্ষে যুক্তি: Fame হলো Noun। যার কোনো verb form নেই।

94. Dr. Muhammad Shahidullah had a great feel for language. Here 'feel' is a -

- A. Verb B. Noun C. Adjective D. Adverb

সঠিক উত্তর B. Noun

পোস্ট মর্টেম	প্রশ্নটি যে অধ্যায় থেকে করা হয়েছে	প্রশ্নটি NETWORK এর যে পৃষ্ঠা থেকে কমন পড়েছে	যেভাবে কমন পড়েছে
	Noun & Determiner	Page: 700 Important Rule-06	অনুরূপ

সঠিক উত্তরের পক্ষে যুক্তি: Article এর পর একটি শব্দ থাকলে সেটি Noun হয়। Article এর পর দুইটি শব্দ থাকলে Adj. + Noun হয়। এই বাক্যে Article এর পর দুইটি শব্দ আছে। তাই Feel এই বাক্যে Noun হিসেবে ব্যবহার হয়েছে।

95. In order to — in life, one has to work hard.

- A. succeed B. successful C. success D. successfully

সঠিক উত্তর A. succeed

পোস্ট মর্টেম	প্রশ্নটি যে অধ্যায় থেকে করা হয়েছে	প্রশ্নটি NETWORK এর যে পৃষ্ঠা থেকে কমন পড়েছে	যেভাবে কমন পড়েছে
	Right form of verb	Page: 726 Rule: 02	অনুরূপ

সঠিক উত্তরের পক্ষে যুক্তি: To এর পর সবসময় verb এর Base form বসে। Succeed হলো Base form। Succeed হলো noun। Successful হলো Adjective এবং Successfully হলো Adverb।

96. The manager together with ten numbers — present in the last meeting.

- A. was B. were C. have been D. is

সঠিক উত্তর A. was

পোস্ট মর্টেম	প্রশ্নটি যে অধ্যায় থেকে করা হয়েছে	প্রশ্নটি NETWORK এর যে পৃষ্ঠা থেকে কমন পড়েছে	যেভাবে কমন পড়েছে
	Subject Verb Agreement	Page: 716 Rule: 06	অনুরূপ

সঠিক উত্তরের পক্ষে যুক্তি: Together with/a long with/as well as, accompanied by/with, and but এগুলোর ক্ষেত্রে প্রথম subject অনুযায়ী verb দিতে হয়।

97. Select the pair matching Environment: Pollution

- A. Brilliant : Splendid B. River: Erosion C. Tree: Plantation D. Song: Music

সঠিক উত্তর B. River: Erosion

পোস্ট মর্টেম	প্রশ্নটি যে অধ্যায় থেকে করা হয়েছে	প্রশ্নটি NETWORK এর যে পৃষ্ঠা থেকে কমন পড়েছে	যেভাবে কমন পড়েছে
	Analogy	Page: 786	অনুরূপ

সঠিক উত্তরের পক্ষে যুক্তি: Environment দূষিত (Pollution) হয় এবং River হয়ে (erosion) হয়।

98. Everyone performed in the event but Nishat. What part of speech is 'but' in the sentence?

- A. Conjunction B. Preposition C. Interjection D. Adjective

সঠিক উত্তর B. Preposition

পোস্ট মর্টেম	প্রশ্নটি যে অধ্যায় থেকে করা হয়েছে	প্রশ্নটি NETWORK এর যে পৃষ্ঠা থেকে কমন পড়েছে	যেভাবে কমন পড়েছে
	Parts of speech	Page: 699 Important Rule: 04	অনুরূপ

সঠিক উত্তরের পক্ষে যুক্তি: But অর্থ যখন কিন্তু হয়, তখন but conjunction হিসেবে ব্যবহার হয়। কিন্তু but অর্থ যদি ছাড়া হয় তাহলে সেটি preposition হয়।

99. Which word is spelt correctly?

- A. Etiquette B. Etiquette C. Etiquete D. Etequette

সঠিক উত্তর A. Etiquette

পোস্ট মর্টেম	প্রশ্নটি যে অধ্যায় থেকে করা হয়েছে	প্রশ্নটি NETWORK এর যে পৃষ্ঠা থেকে কমন পড়েছে	যেভাবে কমন পড়েছে
	Spelling	Page: 783	অনুরূপ

সঠিক উত্তরের পক্ষে যুক্তি: সঠিক বানান হচ্ছে Etiquette।

100. The grass is wet. It — last night.

- A. must rain B. must rained C. must be rain D. must have rained

সঠিক উত্তর D. must have rained

পোস্ট মর্টেম	প্রশ্নটি যে অধ্যায় থেকে করা হয়েছে	প্রশ্নটি NETWORK এর যে পৃষ্ঠা থেকে কমন পড়েছে	যেভাবে কমন পড়েছে
	Right form of verb	Page: 727; Previous year Question	অনুরূপ

সঠিক উত্তরের পক্ষে যুক্তি: অতীতকালে অবশ্যই ঘটেছে, এমন অর্থ বোঝালে must have + v₃ ব্যবহার হয়। উপরের বাক্যের অর্থ, ঘাস ভেজা, অবশ্যই গতরাতে বৃষ্টি হয়েছিল। অবশ্যই ঘটেছে এমন অর্থে এখানে must + have + v₃ হয়েছে।